গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইউপি-১ শাখা
www.lgd.gov.bd

**শেখ হাসিনার মূলনীতি**
**গ্রাম শহরের উন্নতি**

নম্বর- ৪৬.০০.০০০০.০১৭.৯৯.০০১.২১-৪৪৭

তারিখ: ১ জ্যৈষ্ঠ ১৪৩১ / ১৫ মে ২০২৪

পরিপত্র

বিষয়: ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণকে সরকার নির্ধারিত অফিস সময়ে পরিষদে উপস্থিত থাকার নির্দেশনা প্রদান।

স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের মধ্যে ইউনিয়ন পরিষদ গ্রামীণ জনগোষ্ঠীর খুবই কাছাকাছি থেকে বিভিন্ন ধরণের সেবা প্রদান করে আসছে। সেবা সহজীকরণ এবং জনগণের দোরগোড়ায় তা পৌঁছে দেয়া সরকারের অন্যতম লক্ষ্য।

২। ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণ জন্ম-মৃত্যু নিবন্ধন, ট্রেড লাইসেন্স প্রদান ও নবায়ন, ইউনিয়ন তথ্য সেবা কেন্দ্রের মাধ্যমে অন্যান্য সেবা প্রদান, গ্রাম আদালত পরিচালনাসহ নানাবিধ সেবা প্রদান করে থাকেন। জনগণ সাধারণত অফিস সময়ে ইউনিয়ন পরিষদের সেবা গ্রহণ করে থাকেন। ইউনিয়ন পরিষদে প্রদেয় সেবা সহজে এবং যথাসময়ে পৌঁছে দেয়ার লক্ষ্যে চেয়ারম্যানগণকে সরকার নির্ধারিত অফিস সময়ে পরিষদে উপস্থিত থাকা প্রয়োজন। এর ফলে কম সময়ে প্রান্তিক জনগোষ্ঠীর কাঙ্খিত সেবা প্রাপ্তি সহজতর হবে এবং কর্মচারীরা তাদের দায়িত্ব যথাযথভাবে পালনে অধিকতর সক্রিয় হবেন। কোন কারণে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণ অধিক্ষেত্রের বাইরে অবস্থান করলে বা অফিসে উপস্থিত থাকতে না পারলে উপজেলা নির্বাহী অফিসারকে বা প্রয়োজনে জেলা প্রশাসককে অবহিত রাখবেন।

৩। এ নির্দেশনা যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারি করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

১৫/০৫/২৪


পূরবী গোলদার
সিনিয়র সহকারী সচিব
ফোন: ০২-২২৩৩৫৩৩৯৪
Email :lgup1@lgd.gov.bd


বিতরণ:

১। বিভাগীয় কমিশনার (সকল);
২। যুগ্মসচিব, মাঠ প্রশাসন সমন্বয় অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৪। জেলা প্রশাসক (সকল);
৫। উপপরিচালক, স্থানীয় সরকার (সকল);
৬। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৭। উপজেলা নির্বাহী অফিসার (সকল);
৮। প্রোগ্রামার, আইসিটি সেল, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো);
৯। সহকারী সচিব, মনিটরিং-২ শাখা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
১০। চেয়ারম্যান,.......ইউনিয়ন পরিষদ, .......উপজেলা,.............জেলা;
১১। অতিরিক্ত সচিবের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
১২। যুগ্মসচিব (ইউপি) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;